# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায় - বাইবেল পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ১. ৫. ৪. ৪. worship শব্দটাকে ইবাদত বা পূজা অর্থে ব্যবহার

এভাবে আমরা দেখছি যে, বাইবেলের পরিভাষায় 'ওয়র্শিপ' অর্থই 'সাজদা করা' বা 'মাটিতে উপুড় হয়ে পড়া'। তবে বাইবেলের অনুবাদে বিভিন্ন স্থানে ওয়র্শিপ অর্থ ইবাদত, উপাসনা, ভজনা বা পূজাও লেখা হয়েছে।

মথি ১৫/৯ ও মার্ক ৭/৭ উভয় শ্লোকেই বলা হয়েছে: "But in vain they do worship me"। কেরির অনুবাদ: "ইহারা অনর্থক আমার আরাধনা করে।" কিতাবুল মোকাদ্দসের অনুবাদ: "তারা মিথ্যাই আমার এবাদত করে।"

যোহন/ ইউহোন্না ৪/২০-২৪ শ্লোকে ওয়র্শিপ শব্দটা ১০ বার ব্যবহৃত হয়েছে। দশ স্থানেই কেরির অনুবাদে 'ভজনা' এবং কিতাবুল মোকাদ্দসে 'এবাদত' লেখা হয়েছে। প্রথম শ্লোকটা (৪/২০) হচ্ছে- "Our fathers worshipped in this mountain; and ye say, that in Jerusalem is the place where men ought to worship": "আমাদের পূর্বপুরুষেরা এই পাহাড়ে এবাদত করতেন, কিন্তু আপনারা বলে থাকেন জেরুজালেমেই লোকদের এবাদত করা উচিত।" পরবর্তী ৪ শ্লোকে শব্দটা ৮ বার ব্যবহৃত হয়েছে এবং সকল স্থানেই বাংলায় এবাদত বা ভজনা বলা হয়েছে।

এভাবে কিতাবুল মোকাদ্দসে বিভিন্ন স্থানে ওয়র্শিপ অর্থ এবাদত, উপাসনা বা পূজা লেখা হয়েছে। দেখুন: যোহন/ ইউহোন্না ১২/২০; প্রেরিত ৭/৪২; ৭/৪৩; ৮/২৭; ১৭/২৩; ১৮/১৩; ২৪/১১; ২৪/১৪। কেরির অনুবাদে ভজনা বা পূজা লেখা হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13843

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন